# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 16.06.2024 Time: 7.50 P.M.**

## বিশেষ বিশেষ খবর –

১) আদালতের হস্তক্ষেপে আজ ভোট পরবর্তী হিংসায় আক্রান্তদের নিয়ে রাজ্যপাল সিভি আনন্দবোসের সঙ্গে দেখা করেছেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী ।

এদিকে, ভোট পরবর্তী হিংসার পরিস্থিতি সরেজমিনে দেখতে আজই রাজ্যে আসছেন বিজেপি-র কেন্দ্রীয় দল।

২) পয়লা জুলাই দেশে তিনটি নতুন ফৌজদারী আইন বলবৎ হতে চলেছে। ঔপনিবেশিক মানসিকতা থেকে সম্পূর্ণ মুক্ত হয়ে মানুষকে দ্রুত ন্যায়বিচার পৌঁছে দিতেই এই নতুন বিধি তৈরি করা হয়েছে বলে জানিয়েছেন, কেন্দ্রীয় আইন ও বিচার মন্ত্রী অর্জুন রাম মেঘওয়াল।

৩) তিন মাস বন্ধ থাকার পর আগামী ৩০-শে জুন আবার শোনা যাবে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর মাসিক বেতার অনুষ্ঠান মন-কি-বাত ।

৪) উত্তরবঙ্গে বৃহস্পতিবার পর্যন্ত ভারী বৃষ্টির পূর্বাভাষ দিয়েছে আবহাওয়া দফতর। দক্ষিণবঙ্গে বর্ষা ঢুকতে আরও ৪-৫ দিন সময় লাগবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

আদালতের হস্তক্ষেপে ভোট পরবর্তী হিংসায় আক্রান্তদের নিয়ে আজ রাজভবনে প্রবেশ করতে পারলেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী । দেখা করলেন রাজ্যপাল সিভি আনন্দবোসের সঙ্গে। বেরিয়ে এসে সাংবাদিকদের শুভেন্দু বলেন, দিকে দিকে বিজেপি কর্মীরা আক্রান্ত হচ্ছেন। পাঁচ হাজারের বেশি মানুষের রেশন কার্ড নিয়ে নেওয়া হয়েছে। বাংলায় গণতন্ত্র বিপন্ন।

উল্লেখ্য, গত বৃহস্পতিবার সন্ধ্যায় হিংসায় আক্রান্তদের নিয়ে রাজভবনে ঢুকতে গিয়ে বাধা পান বিরোধী দলনেতা। পুলিশ তাদের আটকে দেয়। এর বিরুদ্ধে হাইকোর্টের দ্বারস্থ হন তিনি।

oooooooooooooooooooooooooooo

ভোট পরবর্তী হিংসার পরিস্থিতি সরেজমিনে দেখতে আজ রাজ্যে আসছেন, বিজেপি-র কেন্দ্রীয় প্রতিনিধি দল। দলটির নেতৃত্ব দিচ্ছেন, ত্রিপুরার প্রাক্তন মুখ্যমন্ত্রী, রাজ্যসভার সাংসদ বিপ্লব দেব। অন্য সদস্যরা হলেন, রবিশঙ্কর প্রসাদ, ব্রিজলাল এবং কবিতা পাতিদার।

এদিকে, রাজ্যের বিভিন্ন অংশ থেকে এখনও ভোট পরবর্তী হিংসার খবর পাওয়া যাচ্ছে। বারুইপুরে বিজেপি-র পার্টি অফিসে আজ দলীয় কর্মীদের পাশে থাকার আশ্বাস দেন দলের রাজ্য সভাপতি, কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার। তিনি বলেন, বিজেপি নেতা-কর্মীদের রেশন বন্ধ করে দেওয়া হচ্ছে, জলের লাইন কাটা হচ্ছে। দক্ষিণ ২৪ পরগনা জেলজুড়ে শাসক দল সন্ত্রাসের বাতাবরণ তৈরি করেছে ।

(বাইট)

অন্যদিকে, উত্তর ২৪ পরগনার সন্দেশখালি এক নম্বর ব্লকে বয়ারমারি এক নম্বর অঞ্চলের বেশকিছু বুথে বিজেপি ভালো ফল করায় বেছে বেছে বিজেপি কর্মী সমর্থকদের দোকান, বন্ধ করে দেওয়া হচ্ছে, টোটো রাস্তায়

নামতে দেওয়া হচ্ছে না বলে তৃণমূল কংগ্রেসের স্থানীয় পঞ্চায়েত প্রধানের বিরুদ্ধে অভিযোগ উঠেছে। রোজগার বন্ধ হয়ে যাওয়ায় তাঁদের অনাহারে দিন কাটাতে হচ্ছে বলে আজ ন্যাজাট থানার রাজবাড়িতে ফাঁড়িতে গিয়ে ডেপুটেশন জমা দেন বিজেপি কর্মীরা।

এবারের নির্বাচনে পশ্চিম বর্ধমানের আসানসোল লোকসভা কেন্দ্রের অধীন কুলটিতে তৃণমূল কংগ্রেস পিছিয়ে থাকায় কুলটির বিভিন্ন ওয়ার্ডে জল সরবরাহ করা হচ্ছে না বলে বিজেপি অভিযোগ করেছে। স্থানীয় বিধায়ক অজয় পোদ্দারের দাবি, ফল প্রকাশের পরই বাড়ি বাড়ি জল পৌঁছচ্ছে না। ট্যাঙ্কারের সংখ্যাও কমিয়ে দেওয়া হয়েছে। বিভিন্ন জায়গায় জলের জন্য শুরু হয়েছে হাহাকার। এর প্রতিবাদে আজ বরাকরে গাছের ডালপালা ফেলে জিটি রোড অবরোধ করেন স্থানীয় বাসিন্দারা। ঘণ্টাখানেক পর পুলিশের আশ্বাসে অবরোধ ওঠে। অভিযোগ অস্বীকার করে পৌর কর্তৃপক্ষের দাবি, বিদ্যুতের ট্রান্সফরমার বিকল হওয়ায় জল সরবরাহে সমস্যা হচ্ছে।

কোচবিহারের তুফানগঞ্জের নাটাবাড়ি এক নম্বর গ্রামপঞ্চায়েতের বিজেপি-র উপ-প্রধান উৎপল বর্মনকে তৃণমূল কংগ্রেসের ফতোয়া মেনে সামাজিকভাবে বয়কট করা হচ্ছে বলে অভিযোগ উঠেছে। তাঁকে জমির ধান বিক্রি করতে দেওয়া হচ্ছে না। কার্যালয়ে যেতেও বাধা দেওয়া হচ্ছে। এই নিয়ে মহকুমা শাসকের দ্বারস্থ হয়েছেন তিনি। যদিও অভিযোগ অস্বীকার করেছে শাসক দল।

oooooooooooooooooooooo

ভোট পরবর্তী হিংসায় ঘরছাড়া দলীয় কর্মীদের সঙ্গে দেখা করতে আজ বর্ধমানে আসেন  বিজেপি নেতা দিলীপ ঘোষ। দলের জেলা সদর কার্যালয়ে আশ্রয় নিয়েছেন ঘরছাড়াদের অনেকেই।

পার্টি অফিসে  দলীয় নেতৃত্বের সঙ্গে বৈঠক করেন তিনি।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

দল বিরোধী কার্যকলাপ এবং পার্টির শৃঙ্খলাভঙ্গের অভিযোগে সিপিআইএম থেকে বহিষ্কৃত হওয়ার পরই দুর্গাপুরের দাপুটে নেতা পঙ্কজ রায়সরকার তৃণমূল কংগ্রেসে যোগ দিয়েছেন। আজ বিকেলে দুর্গাপুরে শাসক দলের কার্যালয়ে মন্ত্রী অরূপ বিশ্বাস ও প্রদীপ মজুমদারের কাছ থেকে ঘাস ফুলের পতাকা হাতে তুলে নেন তিনি। পাশে ছিলেন বর্ধমান-দুর্গাপুর লোকসভা কেন্দ্র থেকে সদ্য নির্বাচিত কীর্তি আজাদ। প্রায় ১২-শো সি পি আই এম কর্মীও আজ তৃণমূলে যোগ দিয়েছেন বলে দাবি করেছে দল।

এর আগে সি পি আই এম-এর পশ্চিম বর্ধমান জেলা কমিটি প্রেস বিবৃতি দিয়ে পঙ্কজ রায়সরকারকে দল থেকে বহিষ্কারের কথা জানায়। বলা হয়, পার্টি লাইনের বিরোধিতা করে সরাসরি তৃণমূল কংগ্রেসের সঙ্গে যোগাযোগ রাখছিলেন তিনি। পরে পঙ্কজবাবু জানান নানা ইস্যুতে দলের সঙ্গে তাঁর দুরত্ব বাড়ছিল।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

উত্তর ২৪ পরগনার বসিরহাটে তৃণমূল কংগ্রেস কর্মী আলতাফ মালিককে গুলি করার ঘটনায় ধৃত ২ জনকে ৪ দিনের পুলিশ হেফাজতে পাঠিয়েছে বসিরহাট মহাকুমা আদালত। অভিযুক্ত জিয়ারুল গাজিকে জেরা করে গতরাতে তয়েব আলি মান্ডলকে গ্রেফতার করা হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

উত্তর ২৪ পরগনার কামারহাটির রথতলা মোড়ে ব্যবসায়ী অজয় মন্ডলের গাড়ি লক্ষ্য করে এলোপাথাড়ি গুলি চালানোর ঘটনায় দুষ্কৃতিরা এখনও অধরা। এরই মধ্যে তাঁকে ফোন করে বিহারের জেলে বন্দি কুখ্যাত অপরাধী সুবোধ সিং ফের হুমকি দিয়েছে বলে অভিযোগ। প্রাণে মারতে নয়, ভয় দেখাতেই গুলি চালানো হয়েছে বলে সুবোধ তাঁকে জানায় এবং বলে, দাবি না মানা হলে এরপর আর রেহাই মিলবে না। এই ফোন আসার পরই

অসুস্থ হয়ে পড়েন অজয় মন্ডল। গোটা ঘটনা পুলিশকে জানিয়েছেন তিনি। আজ ওই ব্যবসায়ীর বাড়িতে যান ব্যারাকপুর লোকসভা কেন্দ্রের প্রাক্তন সাংসদ অর্জুন সিং পুলিশের ভূমিকা নিয়ে প্রশ্ন তোলেন তিনি। পুলিশের একাংশ সুবোধ সিং-কে তোলা আদায়ে সাহায্য করে থাকে বলেও অভিযোগ করেছেন অর্জুন।

oooooooooooooooooooooooo

রানীগঞ্জে সোনার দোকানে ডাকাতির ঘটনায় পুলিশ আজ এক ব্যক্তিকে পশ্চিম বর্ধমানের অন্ডাল থেকে গ্রেফতার করেছে। শশীকান্ত মালিক নামে আদতে বিহারের বাসিন্দা ঐ ব্যক্তি ডাকাতির ঘটনায় ইনফর্মারের কাজ করেছিলো বলে পুলিশ জানিয়েছে। এই নিয়ে ডাকাতির ঘটনায় মোট তিন জন গ্রেপ্তার হলো।

oooooooooooooooooooooo

হাওড়ার শালিমার স্টেশন চত্ত্বরে টোটো রাখা নিয়ে দুটি গোষ্ঠীর মধ্যে সংঘর্ষে এলাকা আজ রণক্ষেত্র হয়ে ওঠে। স্থানীয় সূত্রে জানা গেছে, শালিমার স্টেশনের পাঁচ নম্বর গেটের পাশে টোটো রাখাকে কেন্দ্র করে দীর্ঘদিন ধরে বিবাদ চলছিল। এদিন বেশ কয়েকটি টোটো ভাঙচুর করা হয়। আশপাশের দোকানেও চলে ভাঙচুর। দু-পক্ষের মধ্যে শুরু হয় ইট বৃষ্টি। পরে পুলিশ গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

oooooooooooooooooooooo

পয়লা জুলাই দেশে তিনটি নতুন ফৌজদারী আইন বলবৎ হতে চলেছে।

ঔপনিবেশিক মানসিকতা থেকে সম্পূর্ণ মুক্ত হয়ে মানুষকে দ্রুত ন্যায়বিচার পৌঁছে দিতেই এই নতুন বিধি তৈরি করা হয়েছে বলে কেন্দ্রীয় আইন ও

বিচার মন্ত্রী অর্জুন রাম মেঘওয়াল জানিয়েছেন। কলকাতায় আজ  আইন ও বিচার মন্ত্রক আয়োজিত এক সম্মেলনের উদ্বোধন করে তিনি বলেন, দেশ-কাল-পরিস্থিতি অনুযায়ী আইন পরিবর্তন করতে হয়।  ফৌজদারী বিচার ব্যবস্থা পরিচালনায় ভারতের প্রগতিশীল পথ শীর্ষক এই সম্মেলনে শ্রী মেঘওয়াল বলেন, ব্রিটিশ আমলের দমনমূলক ফৌজদারি আইনগুলি সংশোধনের দাবি, দেশের বিভিন্ন মহল থেকে দীর্ঘদিন ধরে উঠছিল। তাকে মান্যতা দিয়েই ইন্ডিয়ান পেনাল কোড বা আইপিসির জায়গায় ভারতীয় ন্যায় সংহিতা, ক্রিমিনাল প্রসিডিওর কোড বা সিআরপিসির জায়গায় ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা এবং এভিডেন্স অ্যাক্টের জায়গায় ভারতীয় সাক্ষ্য অধীনিয়ম ২০২৩ নামে নতুন তিনটি আইন প্রণয়ন করা হয়েছে। তাড়াহুড়ো করে, সবার সঙ্গে আলোচনা না করেই কেন্দ্রীয় সরকার নতুন তিনটি ফৌজদারি বিধি প্রণয়ন করেছে বলে বিভিন্ন মহলের অভিযোগ খারিজ করে দিয়ে শ্রী মেঘওয়াল বলেন, দেশের সমস্ত অঙ্গরাজ্য, কেন্দ্রশাসিত অঞ্চল, জনপ্রতিনিধি, আইন প্রণেতা সহ সংশ্লিষ্ট সকলের কাছ থেকেই এই বিষয়ে পরামর্শ চাওয়া হয়েছিল। ১৮ টি রাজ্য, ৬টি কেন্দ্রশাসিত অঞ্চল, সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি, দেশের ১৬ টি উচ্চ আদালতের প্রধান বিচারপতি, পাঁচটি আইন কলেজ, ২২ টি বিশ্ববিদ্যালয়, ১৪২ জন সাংসসদ, ২৭০ জন বিধানসভার সদস্য এবং সাধারণ মানুষের পরামর্শ নিয়ে চার বছর ধরে বিশদ আলোচনা করেই নতুন আইনগুলি প্রণয়ন করা হয়েছে।

(বাইট)

উদ্বোধনী অনুষ্ঠানে কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি টিএস শিবজ্ঞানম বলেন, দেড়শ বছরের শাসনকালে উপনিবেশিক শাসকরা, স্থানীয় সমাজে প্রচলিত আইন, অধিকার, দাবিকে নস্যাৎ করে দিয়ে নিজেদের সুবিধার জন্য ফৌজদারি বিধি তৈরি করেছিল। স্বাধীনতার প্রায় আট দশক পর দেশ যখন শিল্প শিক্ষা প্রযুক্তি সমস্ত ক্ষেত্রে বহুদূর এগিয়ে গেছে, তখন

আইন ও বিচার ব্যবস্থা পিছিয়ে থাকতে পারে না। কেন্দ্রীয় আইন ও বিচার মন্ত্রকের সচিব রাজীব মণি, কেন্দ্রীয় আইন কমিশনের সদস্য সচিব রীতা বশিষ্ঠ প্রমূখ নতুন তিনটি বিধির নানা গুরুত্বপূর্ণ দিক নিয়ে আলোচনা করেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

লোকসভা ভোটের জন্য তিন মাস বন্ধ থাকার পর আগামী ৩০-শে জুন আবার শোনা যাবে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর মাসিক বেতার অনুষ্ঠান মন-কি-বাত। প্রধানমন্ত্রী হিসাবে টানা তৃতীয়বার দায়িত্ব নেবার পর এটিই হবে তাঁর প্রথম মন-কি-বাত । জনসাধারণ তাঁদের বক্তব্য এবং পরামর্শ ২৮-শে জুনের মধ্যে টোল ফ্রি নম্বর ১৮০০-১১-৭৮০০-য় জানাতে পারেন।

নরেন্দ্র মোদী অ্যাপ অথবা MyGov ওপেন ফোরামেও তা জানানো যেতে পারে। এটি হবে মন-কি-বাতের ১১১-তম পর্ব।

বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেলে এবং আকাশবাণীর নিউজ অন এআইআর ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর ও তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইটে ও ইউটিউব চ্যানেলেও মন-কি-বাত সম্প্রচারিত হবে।

হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

অস্বস্তিকর ভ্যাপসা গরমে জেরবার দক্ষিণবঙ্গের মানুষকে বর্ষার জন্য আরও কয়েকদিন অপেক্ষা করতে হবে। আগামী ৪-৫ দিনের মধ্যে কিছু অংশে দক্ষিণ-পশ্চিম মৌসুমী বায়ু প্রবেশের অনুকূল পরিস্থিতি তৈরি হয়েছে বলে আবহাওয়া দফতর জানিয়েছে।

অন্যদিকে, বাংলাদেশের উত্তরে ও সংলগ্ন এলাকায় সৃষ্ট ঘূর্ণাবর্তটি হিমালয় সন্নিহিত পশ্চিমবঙ্গ ও তার আশপাশ এলাকাজুড়ে বিস্তৃত রয়েছে। উত্তর-পশ্চিম বিহার থেকে মেঘালয় পর্যন্ত বিস্তৃত রয়েছে অক্ষরেখা। এর প্রভাবে বঙ্গোপোসাগর থেকে বাতাসে প্রচুর পরিমাণে জলীয় বাষ্প প্রবেশ করায় উত্তরবঙ্গের জলপাইগুড়ি, আলিপুরদুয়ার ও কোচবিহার জেলায় আগামী মঙ্গলবার পর্যন্ত ভারী থেকে অতি ভারী বৃষ্টির লাল সতর্কতা জারি রয়েছে। এই তিনটি জেলার সঙ্গে দার্জিলিং এবং কালিম্পং-এও ভারী বৃষ্টির পূর্বাভাষ রয়েছে বৃহস্পতিবার পর্যন্ত।

সিকিমে ও পাহাড়ে অবিরাম বৃষ্টিতে তিস্তা-তোর্সা, জলঢাকা, মহানন্দা সহ বিভিন্ন নদীর জল বেড়েছে।

এদিকে, এক টানা প্রবল বর্ষণে ধস নামায় উত্তর সিকিমে আটকে পড়া পর্যটকদের উদ্ধারের কাজ, খারাপ আবহাওয়ার জন্য থমকে গেছে। সড়ক পথেও পৌঁছতে সমস্যা হচ্ছে। বন্ধ হয়ে গেছে ১০ নম্বর জাতীয় সড়ক।

oooooooooooooooooooooooooooooo

oooooooooooooooooooooooooooo

ooooooooooooooooooooooooooo

ooooooooooooooooooooooooooooo